ফাতওয়া নাম্বার: ৬৭ প্রকাশকাল: ১৮ ই জুলাই ,২০২০ ইংরেজি

মিউজিকযুক্ত ভিডিও তৈরি করে উপার্জিত অর্থ কি হালাল?

প্রশ্নঃ

আমি পেশায় একজন ফ্রিল্যান্সার। ফ্রিল্যান্সারদের প্রায় শতভাগ সময়ে বিদেশি ক্লায়েন্টদের অধীনে কাজ করতে হয়। যে সকল ফ্রিল্যান্সার যে কোনো ধরনের ভিডিও এডিটিং (দীর্ঘ বা সংক্ষিপ্ত সময়ের ভিডিও, মোশন গ্র্যাফিক্স, ইন্ট্রো ভিডিও, এক্সপ্লেইনার ভিডিও, প্রোমো ভিডিও) নিয়ে কাজ করেন, প্রায় শতভাগ সময়ই ক্লায়েন্টের চাহিদা অনুযায়ী ভিডিওর সাথে মিউজিক যোগ করতে হয়। এভাবে ভিডিওতে মিউজিক যোগ করে উপার্জিত টাকা কি হালাল হবে? বিস্তারিত জানতে চাই।

প্রশ্নকারী- আব্দুল্লাহ যুবাইর

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده أما بعد:

সাধারণ পাঠকের বুঝার সুবিধার্থে শুরুতে আমরা পারিভাষিক শব্দগুলোর সংক্ষিপ্ত ব্যাখ্যা তুলে ধরছি।

মোশন গ্রাফিক্স:

মোশন গ্রাফিক্স ডিজাইন হল, গ্রাফিক্স ডিজাইনেরই একটি ভাগ বা অংশ, যেটিকে কোনো নতুন ভিজুয়াল মিডিয়ামের জন্য ব্যবহার করা হয়| যেমন, কোন ভিডিওর শুরুতে যে টাইটেল এনিমেশন (কলাকুশলীদের নামের কারিকুরি) সামনে আসে অথবা ওয়েব সাইটের ব্যানারে যখন কোনো নাম ঘুরতে ঘুরতে সামনে আসে ... এইগুলোকেই মোশন গ্রাফিক্স ডিজাইন বলে|

ইন্ট্রো:

একটি ভিডিও শুরু হওয়ার আগে আমরা যে ক্লিপ বা ৫-১০ সেকেন্ডের একটি শর্ট ভিডিও দেখতে পাই, সেটাকে ইন্ট্রো বলে। একটি সুন্দর ইন্ট্রো (Intro) ভিডিওর প্রতি মানুষের আকর্ষণ তৈরি করে।

এক্সপ্লেইনার বা প্রোমো ভিডিও:

গ্রাহক এবং সম্ভাব্য ব্যক্তির কাছে আপনার পণ্য এবং পরিসেবা প্রচারের অভিপ্রায়সহ একটি ব্যবসায়িক ভিডিও বা এক কথায় প্রচারমূলক ভিডিও।

এবার মূল উত্তরে আসা যাক। শরীয়তে মিউজিক বা বাদ্য ব্যবহার করা হারাম এবং হারাম বস্তু প্রস্তুত ও সরবরাহ করে উপার্জন করাও হারাম। আল্লাহ তায়ালা বলেন,

وَمِنَ النَّاسِ مَنْ يَشْتَرِي لَهْوَ الْحَدِيثِ لِيُضِلَّ عَنْ سَبِيلِ اللَّهِ بِغَيْرِ عِلْمٍ وَيَتَّخِذَهَا هُزُوًا أُولَئِكَ لَهُمْ عَذَابٌ مُهِينٌ. (سورة لقمان: 6)

"মানুষের মধ্যে কেউ কেউ অজ্ঞতাবশত (মানুষকে) আল্লাহর পথ থেকে বিচ্যুত করার জন্য খেল-তামাশার কথাবার্তা ক্রয় করে এবং আল্লাহর পথকে হাসি-তামাশার বস্তু বানায়। এমন লোকদের জন্যই রয়েছে অবমাননাকর শাস্তি।" -সুরা লুকমান (৩১): ৬

وقال الحسن البصري: أنزلت هذه الآية: { وَمِنَ النَّاسِ مَنْ يَشْتَرِي لَهْوَ الْحَدِيثِ لِيُضِلَّ عَنْ سَبِيلِ اللَّهِ بِغَيْرِ عِلْمٍ } في الغناء والمزامير. اهـ (تفسير القرآن العظيم: 331/6 ط. دار طيبة)

হাসান বসরি রহ. বলেন, وَمِنَ النَّاسِ... -এ আয়াতটি গান ও বাঁশি সম্পর্কে অবতীর্ণ হয়েছে। -তাফসিরে ইবনে কাসির: ৪/৩৩১

হাদিসে এসেছে,

لَيَكُونَنَّ مِنْ أُمَّتِي أَقْوَامٌ يَسْتَحِلُّونَ الْحِرَ وَالْحَرِيرَ وَالْخَمْرَ وَالْمَعَازِفَ وَلَيَنْزِلَنَّ أَقْوَامٌ إِلَى جَنْبِ عَلَمٍ يَرُوحُ عَلَيْهِمْ بِسَارِحَةٍ لَهُمْ يَأْتِيهِمْ يَعْنِي الْفَقِيرَ لِحَاجَةٍ فَيَقُولُونَ ارْجِعْ إِلَيْنَا غَدًا فَيُبَيِّتُهُمُ اللَّهُ وَيَضَعُ الْعَلَمَ وَيَمْسَخُ آخَرِينَ قِرَدَةً وَخَنَازِيرَ إِلَى يَوْمِ الْقِيَامَةِ. (رواه البخاري: 5590)

‘আমার উম্মতের মাঝে অবশ্যই এমন কতগুলো দলের সৃষ্টি হবে, যারা ব্যাভিচার, রেশমি কাপড়, মদ ও বাদ্যযন্ত্রকে হালাল জ্ঞান করবে। অনুরূপভাবে এমন অনেক দল হবে, যারা পর্বতের কিনারায় বসবাস করবে। বিকেলে যখন তারা পশুর পাল নিয়ে ফিরবে, তখন তাদের কাছ অভাব নিয়ে কোনো ফকীর আসলে তারা বলবে, আগামী দিন সকালে এসো। এদিকে রাতের অন্ধকারেই আল্লাহ তাদের ধ্বংস করে দিবেন। পর্বতটি ধসিয়ে দিবেন, আর অবশিষ্ট লোকদের তিনি কিয়ামত দিবস পর্যন্ত বানর ও শুকর বানিয়ে রাখবেন।’ -সহীহ বুখারি: ৫৫৯০

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. বলেন,

فدل هذا الحديث على تحريم المعازف. (مجموع الفتاوى: 535/11)

‘এই হাদিসটি বাদ্যযন্ত্র হারামের প্রমাণ বহন করে।’ -মাজমুউল ফাতওয়া: ১১/৫৩৫

অবশ্য আপনি যদি ফ্রিল্যান্সিং পেশায় এমন ভিডিও প্রস্তুত করেন, যাতে-

ক. শরিয়ত বিরোধী কিছু নেই। যেমন মিউজিক, নারীর ছবি, হারাম পণ্যের বিজ্ঞাপন ইত্যাদি।

খ. ভিডিওটি এমন প্রতিষ্ঠানেরও না হয়, যার অস্তিত্বকেই শরিয়ত স্বীকৃতি দেয় না, বরং তা বিলুপ্তির নির্দেশ দেয়। যেমন সুদি ব্যাংক, বীমা, পতিতালয়, মদের বার ইত্যাদি, তাহলে তা বানানো জায়েয হবে এবং তার উপার্জনও হালাল হবে।

-তাফসীরে ইবনে কাসির, দারু তাইবাহ: ৪/৩৩০, শরহে মুসলিম, নাবাবি, দারু ইহইয়াইত তুরাসিল আরাবি: ১৪/৮১-৮২, আদ্দুররুল মুখতার, দারুল ফিকর: ৪/৫৫, ৩৪৯, রদ্দুল মুহতার: ৪/৫৫

এবিষয়ে অত্যন্ত সুন্দর ও বিস্তারিত একটি ফতোয়া আছে শায়খ সালিহ আল মুনাজ্জিদের তত্ত্বাবধানে পরিচালিত আরবী সাইট 'আলইসলাম সুয়াল ও জওয়াব'-এ।

সূত্র:https://islamqa.info/ar/answers/৫০০০/%D৮%AD%D৯%৮৩%D৯%৮৫-%D৮%A৭%D৯%৮৪%D৯%৮৫%D৯%৮৮%D৮%B৩%D৯%৮A%D৯%৮২%D৯%৮৯-%D৯%৮৮%D৮%A৭%D৯%৮৪%D৮%BA%D৯%৮৬%D৮%A৭%D৮%A১-%D৯%৮৮%D৮%A৭%D৯%৮৪%D৮%B১%D৯%৮২%D৮%B৫

فقط. والله تعالى اعلم بالصواب

মুফতি আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি(হফিযাহুল্লাহ)

২১-১১-৪১ হি.

১৩-০৭-২০ ইং